গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -২
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২৭.২৩.২৭৮ তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

বিষয়: **রিট পিটিশন নং ২৫৭১/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ২৫৭১/২০২৩-এর ২৭/০২/২০২৩ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার লালমাই উপজেলা সাধারণ নির্বাচন-২০২৩ উপলক্ষে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জনাব কাজী কামরুল হাসান এর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল হওয়ায় স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব কাজী কামরুল হাসান কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ২৫৭১/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ রিটের ৪নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, কুমিল্লা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৫৭১/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

১০-৪-২০২৩
মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০১৯৭
ইমেইল: Lglaw2@lgd.gov.bd

জেলা প্রশাসক,
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২৭.২৩.২৭৮/১(৪) তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১০-৪-২০২৩
মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)